দৈনিক ইত্তেফাক 13

তারিখ 12 AUG 1988
পৃষ্ঠা 1 কলাম ৪

## সার্ক মৈত্রী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার প্রস্তাব

পররাষ্ট্রমন্ত্রী হুমায়ুন রশীদ চৌধুরী আঞ্চলিক সহযোগিতার চেতনাকে আরও ব্যাপ্ত করার লক্ষ্যে একটি 'সার্ক মৈত্রী বিশ্ব-বিদ্যালয়' প্রতিষ্ঠার প্রস্তাব পেশ করিয়াছেন।

বাসস জানায়, জনাব চৌধুরী গতকাল (বৃহস্পতিবার) নেপালের রাজধানী কাঠমণ্ডুতে সার্ক মন্ত্রী পরিষদের পঞ্চম অধিবেশনের উদ্বোধনী দিনে তাঁহার সাধারণ বিবৃতি প্রদান-কালে এই প্রস্তাব উত্থাপন করেন।

জনাব চৌধুরী বলেন, এই

(শেষ পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

## সার্ক মৈত্রী বিশ্ববিদ্যালয়

(১ম পৃঃ পর)

বিশ্ববিদ্যালয় দক্ষিণ এশীয় জন-গণের মৈত্রীর প্রকৃত প্রতীক হিসাবে গণ্য হইবে। ইহা হইবে সম্পূর্ণ ভিন্ন প্রকৃতির প্রতিষ্ঠান—যাহা ধ্যান-ধারণায় দক্ষিণ এশিয়ার একটি প্রকৃত পরিমণ্ডল সৃষ্টি করিবে।